



বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



সূত্র: বাইএ/সেমিনার/২০২৬৪৮

তারিখ: ২৪/০৩/২০২৬ খ্রি.

বিষয়: **'How Bancassurance Can Strengthen Bangladesh's Insurance Market Growth'** শীর্ষক সেমিনারে কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত।

তারিখ: ১৬/০৪/২০২৬ খ্রি.

সময়: সকাল ১০.৩০ হতে দুপুর ২.০০টা

বর্তমান বিশ্বের বিভিন্ন দেশে একটি সফল বীমা বিপণন চ্যানেল হিসেবে ব্যাংকাস্যুরেন্স গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশে ইতোমধ্যে ব্যাংকাস্যুরেন্স একটি সম্ভাবনাময় বীমা বিপণন চ্যানেল হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের দেশে ব্যাংকাস্যুরেন্স ধারণাটি তুলনামূলকভাবে নতুন। ২০২৩ সালে ব্যাংকাস্যুরেন্স পরিচালনা করার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ব্যাংক যৌথভাবে ব্যাংকাস্যুরেন্স গাইড লাইন প্রণয়ন করেছে। গাইডলাইনের নির্দেশনা অনুযায়ী ২০২৪ সাল থেকে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ব্যাংকাস্যুরেন্স বিষয়ে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে আসছে। দেশের অর্থনীতিতে ব্যাংকাস্যুরেন্স উল্লেখযোগ্য ভূমিকা রাখলেও ব্যাংকাস্যুরেন্স পরিচালনার ক্ষেত্রে কিছু আইনগত চ্যালেঞ্জ রয়েছে। ব্যাংকের প্রাপ্য কমিশনের সর্বোচ্চ হার ও কর সংক্রান্ত নিয়মগুলো আরও স্পষ্ট হওয়া প্রয়োজন। এছাড়া ব্যাংকাস্যুরেন্স ব্যবস্থায় বিক্রিত বীমা পলিসির দাবী নিষ্পত্তির ক্ষেত্রে ব্যাংক/বীমা কোম্পানীর দায়িত্ব আইনে আরও স্পষ্টীকরণ করা প্রয়োজন। এমতাবস্থায়, বাংলাদেশে ব্যাংকাস্যুরেন্সের নানাবিধ চ্যালেঞ্জ এবং বিপণন সম্ভাবনা নিয়ে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি একটি সেমিনার আয়োজন করতে যাচ্ছে। উল্লিখিত সেমিনারে বীমা সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, নীতি নির্ধারক এবং ব্যাংক ও বীমা খাতের পেশাজীবীদের অংশগ্রহণের মাধ্যমে একটি সুসংহত ও বাস্তব সম্মত আলোচনার সুযোগ সৃষ্টি হবে।

সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করবেন যথাক্রমে জনাব জালালুল আজিম, ব্যবস্থাপনা পরিচালক, প্রগতি লাইফ ইনসিওরেন্স লি: এবং ড. হাসিনা শেখ, অধ্যাপক, ব্যাংকিং এন্ড ইনসিওরেন্স ডিপার্টমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সেমিনারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব নাজমা মোবারেক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং মডারেটর হিসেবে ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন, চেয়ারম্যান, একাডেমিক কমিটি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

সেমিনারে আপনার প্রতিষ্ঠান থেকে একাধিক উর্ধ্বতন কর্মকর্তাকে নিম্নোক্ত ছক মোতাবেক মনোনীত করে 'বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি' এর অনুকূলে সেমিনার ফি জনপ্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে আগামী ০৫/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

নাম	পদবী	মোবাইল নম্বর (WhatsApp)	ই-মেইল

সেমিনার বিষয়ক প্রয়োজনীয় তথ্যের জন্য জনাব এ. এইচ. এম. নাজমুহ শাহাদাত, অনুষদ সদস্য গ্রেড-১ মোবাইল: ০১৯১৫৮৭৬৯৭৬ জনাব মো: আবুল কালাম আজাদ, ফ্যাকাল্টি মেম্বর গ্রেড-২, মোবাইল: ০১৩২০-৩৯১৪৭০ এবং মিজ অপর্ণা সাহা, ইন্সট্রাক্টর, মোবাইল: ০১৭৪৫৩৫৯০৬৯ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

পরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি।

বিতরণ- (সদয় কার্যার্থে)

- সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল লাইফ ও নন-লাইফ ইনসিওরেন্স কোম্পানী)
- সিইও ও ব্যবস্থাপনা পরিচালক (সকল তফসিলি/সিডিউল ব্যাংক)
- ব্যাংকাস্যুরেন্স এর সাথে সম্পর্কিত ব্যাংক সমূহের কর্মকর্তা (চীফ ব্যাংকাস্যুরেন্স/সিনিয়র ব্যাংকাস্যুরেন্স কর্মকর্তা)

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে /জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
- চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- অতিরিক্ত সচিব (বীমা) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
- প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনসিওরেন্স এসোসিয়েশন
- সংশ্লিষ্ট নথি।